গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ভোলা।
(আইসিটি শাখা)
www.bhola.gov.bd

তথ্য অধিকার আইন বাস্তবায়নে অবেক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ জেলা কমিটি'র
জানুয়ারি, ২০২৪ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি : আরিফুজ্জামান
জেলা প্রশাসক, ভোলা।
সভার স্থান : জেলা প্রশাসকের কার্যালয়, ভোলা এর সম্মেলন কক্ষ।
সভার তারিখ ও সময় : ২৮-০১-২০২৪ খ্রি. বেলা ১২.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা সংশ্লিষ্ট রেজিস্টারে রক্ষিত

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর সভাপতির অনুমোদনক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), ভোলা সভার আলোচ্যসূচি উপস্থাপন করেন এবং সভায় সর্বসম্মতিক্রমে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র: | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | **তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও বিকল্প কর্মকর্তার আরটিআই প্রশিক্ষণ :** তথ্য অধিকার আইন অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও বিকল্প কর্মকর্তাদের আরটিআই অনলাইন প্রশিক্ষণ সম্পন্ন করার নির্দেশনা রয়েছে। সকল দপ্তরকে স্বপ্রণোদিতভাবে জেলা প্রশাসকের কার্যালয়ে আরটিআই অনলাইন কোর্স সম্পাদন সংক্রান্ত প্রশিক্ষণ গ্রহণের ব্যবস্থা করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | জেলা ও উপজেলার সকল দপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও বিকল্প কর্মকর্তাদের স্বপ্রণোদিতভাবে জেলা প্রশাসকের কার্যালয়ে উপস্থিত হয়ে আরটিআই অনলাইন কোর্স সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | দপ্তর প্রধান (সকল) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা জেলা প্রশাসকের কার্যালয়, ভোলা। |
| ০২ | **তথ্য অধিকার বাস্তবায়ন ও পরিবীক্ষণ উপজেলা কমিটি কার্যক্রমের তদারকি ও উৎসাহ প্রদান :** সকল উপজেলায় তথ্য অধিকার বাস্তবায়ন ও পরিবীক্ষণ উপজেলা কমিটি রয়েছে। তথ্য অধিকার আইন অনুযায়ী উপজেলা কমিটি নিয়মিত সভা করে সভার কার্যবিবরণী জেলা কমিটির নিকট প্রেরণ করতে হবে বলে সকল সদস্য মত প্রকাশ করেন। উপস্থিত এনজিও প্রতিনিধিদেরকে উপজেলাসমূহে তাদের অন্যান্য কার্যক্রমের পাশাপাশি তথ্য অধিকার আইন ২০০৯ সম্পর্কে জনগণকে অবহিত করতে অনুরোধ জানানো হয়। | উপজেলা কমিটিকে নিয়মিত সভা করে কার্যবিবরণী এই কার্যালয়ে প্রেরণ করতে হবে এবং উপজেলা নির্বাহী অফিসারগণ তথ্য অধিকার আইন ২০০৯ সম্পর্কে জনগণকে অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | উপজেলা নির্বাহী অফিসার (সকল), ভোলা। |
| ০৩ | **মন্ত্রিপরিষদ বিভাগ ও তথ্য কমিশনে কার্যবিবরণী প্রেরণ:** মন্ত্রিপরিষদ বিভাগের জারিকৃত প্রজ্ঞাপন অনুযায়ী দ্রুততম সময়ের মধ্যে উপজেলা কমিটি প্রতি ০২ (দুই) মাস অন্তর সভা করত: সভার কার্যবিবরণী মন্ত্রিপরিষদ বিভাগ ও তথ্য কমিশনে প্রেরণ পূর্বক অত্র কার্যালয়ে অনুলিপি প্রেরণ করার বিষয়ে সভাপতি উপজেলা নির্বাহী অফিসার (সকল), ভোলার দৃষ্টি আকর্ষণ করেন। | উপজেলা কমিটি প্রতি ০২ (দুই) মাস অন্তর সভা করত: সভার কার্যবিবরণী এই কার্যালয়ে প্রেরণ করার অনুরোধ করা হলো। | উপজেলা নির্বাহী অফিসার (সকল), ভোলা। |
| ০৪ | **তথ্য অধিকার এবং তথ্য প্রকাশকারী ও আবেদনকারীর সুরক্ষা সম্পর্কে জনগণকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান :** তথ্য অধিকার আইন অনুযায়ী যে কোন নাগরিকের তথ্য প্রাপ্তি ও তথ্য প্রকাশের অধিকার রয়েছে। তবে সকল তথ্য জনগণকে দিতে বাধ্য নয়। তাই, তথ্য প্রার্থীকে আইন অনুযায়ী তার অধিকার সম্পর্কে জানতে হবে। পাশাপাশি তাদের সুরক্ষা নিশ্চিত করা আবশ্যক। বিনা প্রয়োজনে কেউ যাতে তথ্য চেয়ে অফিসকে বিব্রতকর অবস্থায় না ফেলে সে সম্পর্কেও জনগণকে সচেতন করতে হবে বলে সদস্যগণ মত প্রকাশ করেন। সভায় তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী আইনের ধারা সম্পর্কে অবহিতকরণ কর্মশালার আয়োজন করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | তথ্য প্রকাশকারী ও আবেদনকারীর সুরক্ষা নিশ্চিত করতে হবে এবং তথ্য অধিকার আইন সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করতে তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী আইনের ধারা সম্পর্কে কর্মশালার ব্যবস্থা করতে হবে। | দপ্তর প্রধান (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, ভোলা। |

| | | | |
|---|---|---|---|
| ০৫ | **নারীর তথ্য অধিকার নিশ্চিতকল্পে জেলা পর্যায়ে যথাযথ কার্যক্রম গ্রহণ :** তথ্য অধিকার আইনে সকলের তথ্য প্রাপ্তির অধিকার রয়েছে। নারীরা যাতে তথ্য অধিকার আইনে তথ্য প্রাপ্তির আবেদন করতে উৎসাহী হয়, সে বিষয়ে করণীয় সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা হয়। | তথ্য অধিকার আইনে নারীদের আবেদন অগ্রাধিকার ভিত্তিতে বিবেচনা করতে হবে। | দপ্তর প্রধান (সকল) ও উপজেলা নির্বাহী অফিসার, (সকল) ভোলা। |
| ০৬ | **তথ্য অধিকার সংক্রান্ত বিরোধ নিষ্পত্তি, তদন্তের আয়োজন ও এ আইন বাস্তবায়নে তথ্য কমিশনকে প্রয়োজনীয় সহায়তা প্রদান :** তথ্য কমিশনের সকল নির্দেশনা যথাযথভাবে পালন এবং সচিব, তথ্য কমিশন বরাবরে বার্ষিক জেলার সমন্বিত তথ্য প্রেরণ করতে হয়। তথ্য অধিকার আইন সম্পর্কে সাধারণ জনগণকে অবহিত করার জন্য তৃণমূল পর্যায়ে ইউপি চেয়ারম্যান, সদস্য ও এনজিওদের সম্পৃক্ত করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | তথ্য কমিশনের সকল নির্দেশনা যথাযথভাবে পালন করতে হবে। তথ্য অধিকার আইন সম্পর্কে সাধারণ জনগণকে অবহিত করার জন্য উঠান বৈঠক, ঘরোয়া সভা ইত্যাদি আয়োজন করতে হবে। | দপ্তর প্রধান (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল) ভোলা। |

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলের সুস্বাস্থ্য ও মঙ্গল কামনাপূর্বক স্মার্ট ভোলা বির্নিমানে সকলের সহযোগিতা কামনা করে এবং ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৫/২/২৪

(আরিফুজ্জামান)
জেলা প্রশাসক
ও
সভাপতি
তথ্য অধিকার আইন বাস্তবায়নে অবেক্ষণ (সুপারভিশন)
ও পরিবীক্ষণ জেলা কমিটি
ভোলা।
☏০২৪৭৮৮৯৩৪০০(অফিস)
E-mail: dcbhola@mopa.gov.bd

স্মারক নম্বর-০৫.১০.০৯০০.০২৩.০৬.০০১.২৩- ৯৩

তারিখ: ২৮ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
০১ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
০৩। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৪। সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৫। সচিব, তথ্য কমিশন, প্রত্নতত্ত্ব ভবন (তয় তলা), এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
০৬। বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল
০৭। জেলা প্রশাসক, ...................... (সকল)
০৮। জেলা পর্যায়ের কর্মকর্তা (সকল), ভোলা
০৯। অতিরিক্ত জেলা প্রশাসক, শিক্ষা ও আইসিটি/সার্বিক/রাজস্ব/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ভোলা
১০। উপজেলা নির্বাহী অফিসার (সকল), ভোলা
১১। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ভোলা
১২। অফিস কপি।

০৪/০২/২০২৪

(সাইফুল ইসলাম ভূঞা)
সহকারী কমিশনার
জেলা প্রশাসকের কার্যালয়
ও
সদস্য সচিব
তথ্য অধিকার আইন বাস্তবায়নে অবেক্ষণ (সুপারভিশন)
ও পরিবীক্ষণ জেলা কমিটি
ভোলা।